সাপ্তাহিক


# চাকরির খবর

পশ্চিমবঙ্গের No. 1 জব নিউজ পোর্টাল exambangla.com -এর একটি উদ্যোগ।

23 ফেব্রুয়ারি, 2025 • 50 তম সংস্করণ • চাকরির খবর • শিক্ষার খবর • কারেন্ট অ্যাফেয়ার্স

## ডাক বিভাগে ২১,৪১৩ গ্রামীণ ডাক সেবক নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ভারতীয় ডাক বিভাগে মাধ্যমিক পাশ যোগ্যতায় ২১,৪১৩ শূন্যপদে গ্রামীণ ডাক সেবক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছে। গ্রামীণ ডাক সেবকদের ৩টি ক্যাটাগরিতে নিয়োগ করা হবে: ব্রাঞ্চ পোস্টমাস্টার (BPM), সহকারি ব্রাঞ্চ পোস্টমাস্টার (ABPM) ও গ্রামীণ ডাক সেবক। চাকরি প্রার্থীকে যেকোনো স্বীকৃত বিদ্যালয় থেকে অন্ততপক্ষে মাধ্যমিক পাস করে থাকতে হবে। এর পাশাপাশি অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও চাকরিপ্রার্থীরা এখানে অবশ্যই আবেদন জানাতে পারবেন। কিন্তু নিয়োগের সময় শুধুমাত্র মাধ্যমিকের নম্বরের উপর ভিত্তি করে যোগ্য প্রার্থীদের নিয়োগ করবে পোস্ট অফিস কর্তৃপক্ষ। শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি আবেদনকারী ব্যক্তিকে সাইকেল অথবা বাইক চালাতে জানতে হবে। স্থানীয় ভাষাতে যথেষ্ট পরিমাণে দক্ষ হতে হবে। আবেদনকারীর কম্পিউটার সম্পর্কে যথাযথ জ্ঞান থাকাও বাধ্যতামূলক। ভারতীয় ডাক বিভাগের পদগুলিতে কর্মী হিসেবে নিযুক্ত হওয়ার জন্য চাকরিপ্রার্থীদের ১৮ বছর থেকে ৪০ বছরের মধ্যবর্তী হতে হবে। সম্পূর্ণ অনলাইন মাধ্যমে ভারতীয় ডাক বিভাগের www.indiapostgdsonline.gov.in -এই অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। কোনো রকম লিখিত পরীক্ষা বা ইন্টারভিউ ছাড়াই সরাসরি ডকুমেন্ট ভেরিফিকেশনের মাধ্যমে যোগ্য প্রার্থীদের নিয়োগ করা হবে। তবে নিয়োগের ক্ষেত্রে বাছাই করনের সময় শুধুমাত্র মাধ্যমিক পরীক্ষার নম্বর বিশ্লেষণ করে একটি মেধা তালিকা প্রকাশ করা হবে। চাকরি প্রার্থীরা সর্বোচ্চ ০৩ মার্চ ২০২৫ তারিখ পর্যন্ত আবেদন জানাতে পারবেন। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।




## মাধ্যমিক পাশে CISF কনস্টবল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স বা CISF বিশাল শূন্য পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। একাধিক পদের জন্য পুরুষ চাকরি প্রার্থীদের নিয়োগ করা হবে বলে জানানো হয়েছে। যে সমস্ত পদে নিয়োগ করা হবে সেগুলি হল: কনস্টেবল পদের অন্তর্গত ড্রাইভার এবং ড্রাইভার কাম পাম্প অপারেটর। স্বীকৃত বিদ্যালয় থেকে ন্যূনতম মাধ্যমিক পাস যোগ্যতাতেই চাকরি প্রার্থীরা এই পদে আবেদনের সুযোগ পাচ্ছেন। তবে আবেদনের জন্য ইচ্ছুক চাকরি প্রার্থীদের কাছে আবশ্যিকভাবে ড্রাইভিং লাইসেন্স এবং গাড়ি চালানোর পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি আবেদনকারী ব্যক্তিকে অবশ্যই শারীরিকভাবে সক্ষম হতে হবে। ন্যূনতম ২১ বছর থেকে সর্বোচ্চ ২৭ বছর বয়সী চাকরিপ্রার্থীরা এই পদে আবেদনের যোগ্য। আবেদনকারী চাকরিপ্রার্থীদের মধ্যে থেকে শারীরিক পরীক্ষা, লিখিত পরীক্ষা, নথিপত্র যাচাইকরণ এবং মেডিকেল পরীক্ষার মাধ্যমে যোগ্য চাকরিপ্রার্থীদের বাছাই করে সংশ্লিষ্ট পদে নিয়োগ করা হবে।

পরের পাতায়

CISF -এর www. cisfrectt.cisf.gov.in-এই অফিসিয়াল ওয়েবসাইট থেকে অনলাইন মাধ্যমে আবেদনপত্র পূরণ করে জমা করতে হবে চাকরিপ্রার্থীদের। আবেদন পত্র পূরণ করে ০৪ মার্চ ২০২৫ তারিখের মধ্যে জমা করতে হবে। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

## স্টেট ব্যাংকে ১১৯৪ শূন্যপদে কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** চাকরিপ্রার্থীদের জন্য ১১৯৪ টি শূন্য পদের রাষ্ট্রায়ত্ত ব্যাংকে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। ১৮ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ থেকে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার পক্ষ থেকে এই বিশেষ পদে কর্মী নিয়োগের জন্য চাকরিপ্রার্থীদের আবেদন গ্রহণ শুরু করা হয়েছে। ১১৯৪ টি মোট শূন্য পদের মধ্য থেকে কলকাতা থেকে ৬৩ জন, মুম্বাই সার্কেল থেকে ১৬ জন, দিল্লি সার্কেল থেকে ৬৮ জন এবং লখনৌ সার্কেল থেকে ৯৯ জন সহ একাধিক চাকরিপ্রার্থীকে নিয়োগ করা হবে। আবেদনের জন্য কোন রকম শিক্ষাগত যোগ্যতার উল্লেখ করা হয়নি। এখানে সম্পূর্ণভাবে অভিজ্ঞ ব্যক্তিদের নিয়োগ করবে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। যে সমস্ত চাকরি প্রার্থীরা ইতিমধ্যেই ক্রেডিট, অডিট, ফরেক্স ইত্যাদি বিভাগে কাজ করে বর্তমানে অবসর গ্রহণ করেছেন, তাদেরকে নির্দিষ্ট পদে নিয়োগ করা হবে বলে জানানো হয়েছে। আবেদনকারী প্রার্থীদের মধ্যে থেকে যোগ্য প্রার্থীদের একটি তালিকা প্রকাশ করবে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া কর্তৃপক্ষ। তারপরে সেই সমস্ত প্রার্থীদের মধ্যে থেকে ইন্টারভিউ এর মাধ্যমে আপনি প্রার্থীদের যোগ্যতা বিচার করে নির্দিষ্ট পদে কর্মী হিসেবে নিয়োগ করা হবে। ১৮ই ফেব্রুয়ারি, ২০২৫ তারিখের হিসাবে আবেদনে ইচ্ছুক চাকরি প্রার্থীদের বয়স হতে হবে ন্যূনতম ৬০ বছর থেকে সর্বোচ্চ ৬৩ বছরের মধ্যে। ইচ্ছুক চাকরি প্রার্থীরা www.sbi.co.in -এই অফিসিয়াল ওয়েবসাইট থেকে আবেদন জানাতে পারবেন। আবেদনপত্র পূরণ করে ১৫ই মার্চ, ২০২৫ তারিখের মধ্যে জমা করতে হবে। বিস্তারিত তথ্য জানতে Exam Bangla -র অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করুন।

## *পাওয়ার গ্রিডে কর্পোরেশনে কর্মী নিয়োগ*

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কেন্দ্রীয় সরকারের অন্তর্গত পাওয়ার গ্রিড কর্পোরেশনের তরফে বেশ কয়েকটি শূন্য পদের কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। যে সমস্ত পদে নিয়োগ করা হবে সেগুলি হল: ম্যানেজার, ডেপুটি ম্যানেজার, অ্যাসিস্টেন্ট ম্যানেজার। চাকরিপ্রার্থীদের প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম ৬০% নম্বরের সঙ্গে B.E./ B.Tech/ B.Sc ডিগ্রি পাস করেছেন এমন চাকরি প্রার্থীরা এই পদে আবেদন জানাতে পারবেন। তবে অবশ্যই উল্লেখিত পদে আবেদনের জন্য চাকরিপ্রার্থীদের সংশ্লিষ্ট কাজের সম্পর্কে পূর্ব অভিজ্ঞতা এবং যথাযথ দক্ষতা থাকতে হবে। কোন রকম লিখিত পরীক্ষা ছাড়াই প্রথমে আবেদনের উপর ভিত্তি করে একটি তালিকা প্রকাশ করা হবে। এরপর তালিকা অনুসারে যোগ্য চাকরিপ্রার্থীদের ডকুমেন্ট ভেরিফিকেশন এবং ব্যক্তিগত ইন্টারভিউ এর মাধ্যমে যোগ্যতা বিচার করে উল্লেখিত পদে নিয়োগ করবে সংস্থা। চাকরি প্রার্থীরা সর্বত্র ৩৯ বছর বয়স পর্যন্ত, ডেপুটি ম্যানেজার পদের জন্য ৩৬ বছর বয়স পর্যন্ত এবং অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের জন্য ৩৩ বছর বয়স পর্যন্ত আবেদন জানাতে পারবেন। ইচ্ছুক চাকরি প্রার্থীরা সম্পূর্ণভাবে অনলাইন মাধ্যমে www.powergrid.in. -এই অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে আবেদন জানাতে পারবেন। প্রতিটি চাকরিপ্রার্থীকে ১২ মার্চ ২০২৫ তারিখের মধ্যে আবেদন পত্র পূরণ করে জমা করতে হবে। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# রাজ্যের বিভিন্ন জেলায় ক্রেতা সুরক্ষা দপ্তরে কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** রাজ্যের জেলায় জেলায় এবার চাকরিপ্রার্থীদের ইংরেজি স্টেনোগ্রাফার পদে নিযুক্ত করা হবে। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক বোর্ড থেকে যে সমস্ত চাকরি প্রার্থীরা মাধ্যমিক পাস করে স্টেনোগ্রাফারের দক্ষতা অর্জন করেছেন তারা এই পদে আবেদন জানাতে পারবেন। এখানে রিটায়ার্ড স্টেনোগ্রাফার বা ফ্রেসার্স স্টেনোগ্রাফাররা আবেদন জানাতে পারবেন। চাকরিপ্রার্থীদের নিয়োগ প্রক্রিয়ার দিন যথাস্থানে যাওয়ার জন্য কোনরকম ট্রাভেল অ্যালাওয়েন্স দেওয়া হবে না। প্রতিটি চাকরিপ্রার্থীকে নিয়োগ বিজ্ঞপ্তি সাথে সংযুক্ত সম্পূর্ণ আবেদন পত্রটি হাতে-কলমে পূরণ করে প্রয়োজনীয় নথিপত্রের সাথে অবশ্যই ২৮ ফেব্রুয়ারী ২০২৫ তারিখের মধ্যে জমা করে দিতে হবে। প্রতিটি জেলা অনুসারে ক্রেতা সুরক্ষা দপ্তরের ঠিকানায় আবেদন পত্রটি নির্দিষ্ট দিনের মধ্যে পৌঁছে দিতে হবে চাকরিপ্রার্থীদের। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

Exam Bangla.com

# বরোদা ব্যাংকে কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ব্যাঙ্ক অফ বরোদার পক্ষ থেকে বিপুল পরিমাণে চাকরিপ্রার্থীদের নিয়োগের একটি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ব্যাঙ্ক অফ বরোদার পক্ষ থেকে ব্যাংকের বিভিন্ন কাজের কর্মদক্ষতা গড়ে তোলার জন্য চাকরি প্রার্থীদের অ্যাপ্রেন্টিস হিসাবে নিয়োগ করা হচ্ছে। এখানে ভারতবর্ষের মোট ২৭ টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল মিলিয়ে মোট ৪০০০ টি শূন্য পদের ঘোষণা করা হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য থেকে ১৫৩ জন যোগ্য চাকরিপ্রার্থীকে নিয়োগ করা হবে। এক্ষেত্রে পশ্চিমবঙ্গ রাজ্যের হুগলি, হাওড়া, জলপাইগুড়ি, কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব বর্ধমান জেলার ব্যাঙ্ক অফ বরোদা ব্রাঞ্চে চাকরিপ্রার্থীদের নিয়োগ করা হবে। আবেদনের ইচ্ছুক চাকরিপ্রার্থীদের অবশ্যই যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে গ্রাজুয়েট হতে হবে। এর পাশাপাশি যে এলাকার ব্যাংকের ব্রাঞ্চে কর্মী হিসেবে নিযুক্ত হবেন, সেখানকার স্থানীয় ভাষায় যথাযথ পরিমাণ দক্ষ হতে হবে প্রতিটি চাকরি প্রার্থীকে। চাকরিপ্রার্থীদের বয়স হতে হবে অন্ততপক্ষে ২০ বছর থেকে 28 বছরের মধ্যে। ব্যাঙ্ক অফ বরোদার পক্ষ থেকে আবেদনকারী চাকরিপ্রার্থীদের প্রথমে একটি ১০০ নম্বরের লিখিত পরীক্ষা এবং তারপরে ডকুমেন্ট ভেরিফিকেশন ও স্থানীয় ভাষার দক্ষতা পরীক্ষার মাধ্যমে উল্লেখিত পদে নিয়োগ করা হবে। অনলাইন মাধ্যমে bankofbaroda.in -এই অফিসিয়াল ওয়েবসাইট থেকে সম্পূর্ণ আবেদন করতে পারবেন। আবেদন জানানোর শেষ তারিখ ১১ মার্চ ২০২৫।

# ভূমি দপ্তরে ক্লার্ক নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, মুর্শিদাবাদ:** পশ্চিমবঙ্গ রাজ্যের মুর্শিদাবাদ জেলার ভূমি দপ্তরের ক্লার্ক বা আমিন পদে একাধিক কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। সম্পূর্ণ চুক্তিভিত্তিক ভাবে মোট ১ বছরের সময়কালের জন্য যোগ্য কর্মীকে নিয়োগ করবে সংস্থা। সর্বোচ্চ ৬৪ বছর পর্যন্ত বয়সী চাকরি প্রার্থীরা আবেদন জানাতে পারবেন। কোনরকম লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হবে না নিয়োগকারী দপ্তরের পক্ষ থেকে। চাকরিপ্রার্থীদের সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে সংশ্লিষ্ট পদে নিয়োগ করা হবে। আবেদনের উপর ভিত্তি করে যোগ্য প্রার্থীদের-

পরের পাতায়

# কারেন্ট অ্যাফেয়ার্স

## ১৭ ফেব্রুয়ারি থেকে ২৩ ফেব্রুয়ারি পর্যন্ত


- BrahMos NG মিসাইল যুগ্মভাবে তৈরি করেছে- ভারত এবং রাশিয়া।
- প্রবীণ ভারতীয় বিজ্ঞানীদের জন্য অনুসন্ধান ন্যাশনাল রিসার্চ ফাউন্ডেশন যে প্রকল্পের শুরু করেছে সেটি হল- জগদীশচন্দ্র বোস গ্রান্ট স্কিম।
- সম্প্রতি 'Imagine a world with more women in science' প্রচার অভিযানটি চালু করেছে- UNESCO
- সাম্প্রতিক খবরে আসা থিরুপারাংকুন্দ্রাম পাহাড় অবস্থিত- তামিলনাড়ু রাজ্যে।
- Indian Ocean Conference (IOC) আয়োজন করা হয়েছে- ওমানে।
- ভারতের প্রথমে যে হাসপাতালে রোবটিক সার্জারি চালু করা হয়েছে সেটি হল- AIIMS দিল্লি।
- সম্প্রতি 82 বছর বয়সে প্রয়াত প্রতুল মুখোপাধ্যায় ছিলেন- একজন প্রখ্যাত বাঙালি গায়ক।
- ওয়াশিংটনে অনুষ্ঠিত এশিয়া প্যাসিফিক কালচারাল সেন্টারের থিম কান্ট্রি হল- ভারত।
- ভূমি জরিপের জন্য Naksha পাইলট প্রকল্প চালু করেছে- ভারত।
- আদি মহোৎসব 2025 -এর উদ্বোধন করেছেন- রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।
- 'Dharma Gurdian' যৌথ সামরিক মহড়া অনুষ্ঠিত হবে- ভারত ও জাপানের মধ্যে।
- হাফ ম্যারাথনে বিশ্ব রেকর্ড করলেন- জ্যাকব কিপলিমো।
- ভারতের নতুন মুখ্য নির্বাচন কমিশনার হিসেবে নিযুক্ত হলেন- জ্ঞানেশ কুমার।
- BRICS 2025 হোস্ট করবে- ব্রাজিল। (Memory Bank- বর্তমানে BRICS -এর মোট 11 টি সদস্য দেশ আছে। দেশ গুলি হল- ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন, দক্ষিণ আফ্রিকা, সৌদি আরব, মিশর, আমেরিকা, ইরান এবং ইন্দোনেশিয়া)
- সম্প্রতি ভারত প্রথমবার সমুদ্রপথে বেদানা রপ্তানি করে- অস্ট্রেলিয়ায়।

পরের পাতায়

Exam Bangla.Com

প্রাথমিক বাছাই করনের পর একটি মেধা তালিকা প্রকাশ করা হবে। যেখান থেকে ওই প্রার্থীদের ইন্টারভিউ এর ব্যবস্থা পড়বে জেলার ভূমি দপ্তর। আবেদনে ইচ্ছুক সমস্ত চাকরিপ্রার্থীকে সম্পূর্ণ অফলাইন মাধ্যমে আবেদন পত্রটি হাতে কলমে পূরণ করে জেলার নির্দিষ্ট ঠিকানায় ০৩ মার্চ ২০২৫ তারিখ বিকেল পাঁচটার মধ্যে জমা করে আসতে হবে। ১২ মার্চ ২০২৫ তারিখে যোগ্য ব্যক্তিদের ইন্টারভিউয়ের আয়োজন করা হবে। ঐদিন সমস্ত চাকরি প্রার্থীরা নিজেদের আধার কার্ড, বয়সের প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার প্রমাণপত্র, পাসপোর্ট সাইজ ছবি ইত্যাদি নথিপত্রে নিজের স্বাক্ষর সহ জেরক্স নিয়ে নির্দিষ্ট ঠিকানায় সকাল দশটার মধ্যে পৌঁছে যেতে হবে। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

*প্রতিটি চাকরির খবর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য জানতে, সরাসরি আবেদন করতে অথবা আবেদনপত্র ডাউনলোড করতে পাশে থাকা QR Code টি স্ক্যান করুন।*




# কারেন্ট অ্যাফেয়ার্স

## ১৭ ফেব্রুয়ারি থেকে ২৩ ফেব্রুয়ারি পর্যন্ত

*৩ পাতার পর*

- সম্প্রতি প্রবল ভূমিকম্পের জন্য জরুরি অবস্থার ঘোষণা করেছে- গ্রিস।
- প্রথম সর্বভারতীয় ট্রান্সজেন্ডার সম্মেলনের আয়োজন করা হয়েছে- আজমির -এ।
- 'Most Excellent order of the British Empire' পুরস্কারে সম্মানিত হয়েছেন- টাটা গ্রুপের চেয়ারম্যান এন. চন্দ্রশেখরন।
- ফোর্বস বিলিয়নেয়ার লিস্ট 2024 অনুযায়ী বিশ্বের সবচেয়ে ধনী নারী হলেন- অ্যালিস ওয়ালটন।
- দিল্লির মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন- রেখা গুপ্তা। (Memory Bank- রেখা গুপ্তা দিল্লির চতুর্থ মহিলা মুখ্যমন্ত্রী এবং ভারতের একমাত্র মহিলা বিজেপি মুখ্যমন্ত্রী)
- ভারতে প্রথম আইনসভায় অনুবাদ ব্যবস্থা চালু হলো- উত্তরপ্রদেশে।
- ভারতে প্রথম 'Open-Air Art Wall Museum' উদ্বোধন করা হয়েছে- নিউ দিল্লি তে।
- বিশালাক্ষী পুরস্কার 2025 -এ সম্মানিত হয়েছেন- ডঃ ভাগ্যশ্রী পাটিল।
- মেয়াদোত্তীর্ণ ওষুধ নিষ্পত্তির জন্য কেরালা চালু করেছে- nPROUD প্রকল্প।
- বিশ্বের বৃহত্তম প্রোপেলান্ট মিক্সার তৈরি করেছে- ISRO
- কোয়ান্টাম কম্পিউটিং চিপ Majorana-1 চালু করেছে- Microsoft
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়- 21 ফেব্রুয়ারি।
- ভারতের পারমাণবিক বিদ্যুৎখাতে বিনিয়োগকারী প্রথম বেসরকারি প্রতিষ্ঠান- জিন্দাল নিউক্লিয়ার।
- সম্প্রতি মণিপুরের মুখ্যমন্ত্রীর পদ থেক পদত্যাগ করলেন- বীরেন সিং।
- 2025 সালের সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট- সিঙ্গাপুরের।
- World Government Summit 2025 হোস্ট করবে- দুবাই।

# ন্যাশনাল হাইওয়ে দপ্তরে ম্যানেজার পদে কর্মী নিয়োগ


**নিজস্ব সংবাদদাতা, কলকাতা:** রোড হাইওয়ে এবং ট্রান্সপোর্ট মন্ত্রণালয়ের পক্ষ থেকে ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়ায় কর্মী হিসেবে নিযুক্ত হওয়ার একটি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। কেন্দ্রীয় সরকারের অন্তর্গত ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া বা NHAI। যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত সিভিল ইঞ্জিনিয়ারিং এ ব্যাচেলর ডিগ্রী থাকলে চাকরি প্রার্থীরা এখানে আবেদন জানাতে পারবেন। তবে চাকরি প্রার্থীদের ২০২৪ সালের GATE পরীক্ষায় কত নম্বরের উপর ভিত্তি করে নিয়োগ করা হবে সংস্থার পক্ষ থেকে। চাকরিপ্রার্থীরা প্রতিটি চাকরিপ্রার্থী এখানে ৩০ বছরের মধ্যে আবেদন জানাতে পারবেন। সংরক্ষিত শ্রেণীর চাকরিপ্রার্থীদের সরকারি কর্মী হিসেবে নিযুক্ত হওয়ার জন্য বয়সের ছাড় দেওয়া হবে। যেখানে তপশিলি জাতি উপজাতি এবং আদিবাসী শ্রেণির চাকরি প্রার্থীরা মোট ৫ বছরের এবং অন্যান্য পিছিয়ে পড়া বর্গের চাকরি প্রার্থীরা মোট ৩ বছরের ছাড় পাবেন। সম্পূর্ণ অনলাইন মাধ্যমে www.nhai.gov.in -এই অফিশিয়াল ওয়েবসাইটে গিয়ে চাকরিপ্রার্থীরা আবেদন জানাতে পারবেন। আবেদন চলবে ২৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# গ্র্যাজুয়েশন পাশে সুপ্রিম কোর্টে চাকরির সুযোগ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা:** ভারতবর্ষের সুপ্রিম কোর্ট অফ ইন্ডিয়ার পক্ষ থেকে সরাসরি কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। যে সমস্ত পদে নিয়োগ করা হবে সেগুলি হল জুনিয়র কোর্ট এসিস্ট্যান্ট, গ্রুপ বি (নন গেজেটেড)। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে অন্তত পক্ষে গ্রাজুয়েশন ডিগ্রি রয়েছে এমন চাকরিপ্রার্থীরা আবেদন জানাতে পারবেন। এর পাশাপাশি এই পদে নিযুক্ত হওয়ার জন্য কর্মীদের কম্পিউটারের সাধারণ জ্ঞান এবং টাইপিং এর দক্ষতা থাকতে হবে। ন্যূনতম ১৮ বছর থেকে সর্বোচ্চ ৩০ বছর বয়সী চাকরি প্রার্থীরা এই পদে আবেদন জানাতে পারবেন। ভারতের শীর্ষ আদালতের www.sci.gov.in -এই অফিশিয়াল ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ অনলাইন মাধ্যমে আবেদন জানাতে হবে। আবেদন জানানোর শেষ তারিখ ০৮ মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত। বিস্তারিত তথ্য জানতে Exam Bangla -র অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করুন।

# গ্রামীণ ব্যাংকে ক্লার্ক নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা:** পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড সংস্থার পক্ষ থেকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ইচ্ছুক চাকরি প্রার্থীরা যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমার্সে গ্রাজুয়েশন করে থাকলেই আবেদন জানাতে পারবেন। এর পাশাপাশি আবেদনের জন্য যোগ্য কর্মীদের BCA বা MCA ডিগ্রী থাকলেও আবেদন জানাতে পারবেন। সংস্থার পক্ষ থেকে শুধুমাত্র ১৮ বছর থেকে ৪০ বছরের মধ্যবর্তী চাকরি প্রার্থীদের আবেদন জানানোর কথা উল্লেখ করা হয়েছে। অনলাইন মাধ্যমে সংস্থার অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে আবেদন জানাতে হবে। আবেদনপত্র পূরণ করে প্রয়োজনীয় সমস্ত নথিপত্রের সঙ্গে আবেদন পত্রটি আবশ্যিকভাবে ০৬ মার্চ ২০২৫ তারিখের মধ্যে জমা করে দিতে হবে। আবেদনের পর পশ্চিমবঙ্গ রাজ্যের সমবায় ব্যাংকের পক্ষ থেকে অনলাইন মাধ্যমে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউ এর মাধ্যমে যোগ্য চাকরিপ্রার্থীদের নিয়োগ করা হবে। বিস্তারিত তথ্য জানতে Exam Bangla -র অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করুন।



ExamBangla.com

# কেন্দ্রীয় বাজেট ২০২৫-২৬

## একনজরে

- বার্ষিক ১২ লাখ টাকা পর্যন্ত আয়ে কোনো কর দিতে হবে না।
- ৫ লাখ তপশিলি জাতি ও তপশিলি উপজাতিভুক্ত মহিলা উদ্যোগপতিরা ২ কোটি টাকা পর্যন্ত ঋণ পাবেন।
- 'ই-শ্রম' পোর্টালে দেশের ১ কোটি গিগ কর্মীদের রেজিস্ট্রেশন করানো হবে। তাঁদের সবাইকে সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় আনা হবে। 'প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা'র অধীনে স্বাস্থ্যবিমা দেওয়া হবে এই কর্মীদের।
- সব জেলা হাসপাতালে ক্যান্সার সেন্টার তৈরি করা হবে। ৩ বছরেই ২,০০০ ক্যান্সার সেন্টার তৈরি হবে।
- মেডিক্যাল কলেজগুলিতে আগামী ৫ বছরে ৭৫,০০০ আসন সংখ্যা বাড়ানো হবে। এর মধ্যে আগামী বছরই বাড়ানো হবে ১০,০০০ আসন।
- ৩৬টি ক্যান্সারের ওষুধে পুরোপুরি শুল্ক প্রত্যাহার করবে কেন্দ্রীয় সরকার। এছাড়া, সব জীবনদায়ী ওষুধে ৫% শুল্ক প্রত্যাহার করা হবে।
- দেশে ৫টি নতুন আইআইটি হবে।
- কিসান ক্রেডিট কার্ডে ঋণ নেওয়ার পরিমাণ ৩ লাখ থেকে বাড়িয়ে ৫ লাখ করা হবে।
- ৮ কোটি মহিলা, ১ কোটি সদ্য মা হওয়া মহিলা ও ১৮ লাখ পড়ুয়াদের জন্য বিশেষ পুষ্টি প্রকল্পের ঘোষণা।
- শিক্ষায় কৃত্রিম বুদ্ধির প্রসারে তৈরি হবে সেন্টার অফ এক্সেলেন্স। এজন্য বরাদ্দ হয়েছে ৫০০ কোটি টাকা।
- 'ভারতনেট' প্রকল্পের আওতায় গ্রামীণ এলাকায়
- সরকারি স্কুল ও স্বাস্থ্যকেন্দ্রে ব্রডব্যান্ড সংযোগ পাওয়া যাবে।
- 'মেক ইন ইন্ডিয়া' প্রকল্পের সম্প্রসারণে চালু, হবে 'ন্যাশনাল ম্যানুফ্যাকচারিং মিশন'। এর আওতায় লাভবান হবে ছোট, মাঝারি ও বড় শিল্প।
- প্রবীণ নাগরিকদের ফিক্সড ডিপোজিটে সুদের ওপর ১ লাখ টাকা পর্যন্ত টিডিএস কাটা হবে না।
- বিমায় ১০০% প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগে ছাড়পত্র।
- 'জল জীবন মিশন' কর্মসূচির মেয়াদ ২০২৮ সাল পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
- কৃষি ক্ষেত্রে ঘোষণা হল নতুন প্রকল্প 'প্রধানমন্ত্রী ধনধান্য কৃষি যোজনা'। দেশের ১০০টি কম উৎপাদনশীল জেলায় এই প্রকল্প চালু হবে।
- দেশে নতুন ১২০টি বিমানবন্দর তৈরি হবে।
- হোম স্টে-তে মুদ্রা ঋণ।
- প্রযুক্তি গবেষণায় ১০,০০০ ফেলোশিপ।
- পর্যটনে উৎসাহ দিতে নতুন প্যাকেজ।

ExamBangla.com